পবিত্র ইঞ্জিল শরিফ ৫ নম্বর ছিপারা
সাহাবি নামা
তরিকার খেজমতো সাহাবি অকল
পরিচিতি

পবিত্র আছমানি কিতাবর অউ সাহাবি নামা ছিপারার মাজে আমরা পাইমু, হজরত ইছা আল-মসীর সাহাবি আর উম্মত অকল আল্লাই পাক রুহর বলে পয়লা জেরুজালেম টাউন, বাদে বর্তমান ফিলিস্তিন দেশর এহুদিয়া আর শমরিয়া এলাকা, হেশে এশিয়া আর ইউরোপ মহাদেশর বউত জাগা অইয়া রোমান বাদশাইর রাজধানি রোম টাউন পর্যন্ত আইয়া কিলা আল্লাই খুশ-খবরি তবলিগ করছইন, আর কিলা অউ হকল জাগাত নয়া নয়া ইছায়ী জমাত জন্মিছে।

অউ ছিপারাত আছে, তবলিগ কামর ছফরো বার অইয়া সাহাবি অকলে আর হজরত ইছার উম্মত অকলে কত বেশি জুলুম-মছিবত পাইছইন, নিজর জাতি থাকি, ভিন জাতি থাকি আর নানান নমুনার মুর্তি পুজারির গেছ থাকি অউ দুখ-মছিবত, জেল-জুলুম, চাবুকর মাইর সইয্য করছইন। তা-ও তারা তবলিগ কাম করছইন আর আল্লা পাকে তারারে হামেশা কত বড় বড় সাইয্য করছইন, তারার মাজদি নানান নমুনার কেরামতি জাইর অইছে। এরলাগি মানুষ দলে দলে আইয়া ইমান আনছে।

আমরা অউ ছিপারার ১ রুকু ৮ আয়াতো পাইমু, হজরত ইছায় সাহাবি অকলরে কইরা, "পাক রুহ তুমরার উপরে কাইম অইয়া হারলে তুমরা গাইবি বল পাইবায়, অউ বলে জেরুজালেম, আস্তা এহুদিয়া আর শমরিয়া এলাকা, আর দুনিয়ার হেশ সীমানা পর্যন্ত আমার সাক্ষি অইবায়।"

লেখক পরিচিতি আর সময়

আল্লা পাকর হুকুমে অউ সাহাবি নামা ছিপারা লেখছইন হজরত লুক (রঃ)। পবিত্র ইঞ্জিল শরিফ থাকি জানা যায়, হজরত লুকর পেশা

আছিল হেকিমি ডাক্তর। তাইন হজরত ইছার সাহাবি হজরত পাউলুছর খেজমতো রইয়া নানান দেশর নানান জাতির গেছে আল্লার কালাম তবলিগ করতা। হজরত ইছা দুনিয়া থাকি বেহেস্তো তশরিফ নেওয়ার অনুমান ৩০ বছর বাদে অউ ছিপারা কিতাব আকারে লেখা অইছে। অউ সাহাবি নামা ছিপারা অইলো হজরত লুকর লেখা দুই নম্বর ছিপারা, এর আগে তাইন লুক নামর ছিপারাও লেখছলা।

এরমাজে আছে,

(ক) হজরত ইছার বেহেস্তো ফিরত যাওয়া ১:১-১১ আয়াত
(খ) জেরুজালেম ইছায়ী জমাতর জনম ১:১২–৫:৪২
(গ) এহুদিয়া আর শমরিয়া এলাকাত ইছায়ী জমাত ৬–১২ রুকু
(ঘ) হজরত পাউলুছর (রাঃ) পয়লা তবলিগি ছফর ১৩:১–১৫:৩৫ আয়াত
(ঙ) হজরত পাউলুছর দুয়ারা তবলিগি ছফর ১৫:৩৬–১৮:২৮
(চ) হজরত পাউলুছর তিন নম্বর ছফর ১৯:১–২১:১৪
(ছ) বন্দি হালতে হজরত পাউলুছ ২১:১৫–২৮:৩১

হজরত ইছার বেহেস্তো ফিরত যাওয়া (১:১-১১)

1 মহামাইন্য থিওফিলাছ,

হজরত ইছারে বেহেস্তো তুলিয়া নেওয়ার আগ পর্যন্ত তাইন যেতা তালিম দিছইন আর যেতা যেতা করছইন ই হকলতাউ আমি আগর কিতাবো লেখছি।

2 যে সাহাবি অকলরে তাইন বাছিয়া লইছলা, তানরে তুলিয়া নেওয়ার আগে পাক রুহ দিয়া এরার গেছে অছিয়ত করাই গেছইন।

3 তান তকলিফ কাইমর বাদে তাইন যেন জিন্দা আছইন ইটার বউত কিছিমর আলামত দেখাইছইন। চাল্লিশ দিন ধরি তাইন সাহাবি অকলরে দেখা দিয়া আল্লার বাদশাইর বিষয়ে বাতচিত করছইন।

4 ইছায় তারা হক্কলর লগে একখানো শরিক অইয়া অউ হুকুম দিলা, "তুমরা জেরুজালেম থাকি যাইও না, আমার গাইবি বাফর ওয়াদা করা যে দানর কথা তুমরা আগে আমার গেছে হুনছো, এর লাগি অনো বার চাও।

5 হজরত এহিয়ায় তো পানির মাজে তৌবার গোছল করাইতা,
অইলে বেশ দেরি অইতো নায় আল্লায় তুমরারে পাক রুহ দিয়া গোছল
করাইবা।”
6 তারা হক্কল একখানো দলা অইয়া ইছারে জিকাইলা, “হুজুর, ই
সময় কিতা বনি ইছরাইল অকলর আতো রাইজ্য ফিরত আনবা নি?”
7 ইছায় জুয়াপ দিলা, “যে অখত বা জমানা আমার গাইবি বাফে
তান নিজর এখতিয়ারো রাখছইন, ইতা তুমরা জানার গরজ নাই।
8 অইলে পাক রুহ তুমরার উপরে কাইম অইয়া হারলে তুমরা গাইবি
বল পাইবায়, অউ বলে জেরুজালেম, আস্তা এহুদিয়া আর শমরিয়া
এলাকা, আর দুনিয়ার হেশ সীমানা পর্যন্ত আমার সাক্ষি অইবায়।”
9 অউ মাতর বাদেউ সাহাবি অকলর চউখর ছামনে ইছারে তুলিয়া
নেওয়া অইলো, আর তাইন মেঘর টুকরার আওড় অইগেলা।
10 ইছা যেবলা আছমানো উঠিরা ই সময় সাহাবি অকলে চউখ না
ফিরাইয়া আছমানর বায় চাইরইলা, অউ সময় ধলা কাপড় ফিন্দা দুইজন
বেটা মানুষ তারার কান্দাত উবাইয়া
11 কইলা, “ও গালিলর মানুষ অকল, ইখানো উবাইয়া আছমানর
বায় চাইরিছো কেনে? যারে তুমরার গেছ থাকি তুলিয়া নেওয়া অইলো,
অউ ইছারে যেলাখান তুমরা বেহেস্তো যাইতে দেখলায়, অউ লাখান
তাইন ফিরিয়াও আইবা।”

জেরুজালেম ইছায়ী জমাতর জনম (১:১২-৫:৪২)

নয়া সাহাবি পছন্দ করা

12 অউ সাহাবি অকল জয়তুন নামর পাহাড়ো থাকি জেরুজালেমো
ফিরিয়া আইলা। ই পাহাড় জেরুজালেম টাউন থনে থুড়া দুরই।
13 টাউনো ফিরিয়া তারা যে ঘরর উপরর তালাত রইতা হউ ঘরো
গেলা। তারা অইলা পিতর, হান্নান, ইয়াকুব, আন্দ্রিয়াছ, ফিলিফ, থুমাছ,
বর্থলময় আর মথি, আলফির পুয়া ইয়াকুব, মুক্তিযুদ্ধা সাইমন, আর
ইয়াকুবর পুয়া ইহুদা।

14 ঘরো হামাইয়া হকলে মিলিয়া খাছ দিলে দোয়া করাত রইলা,
এরার লগে আছলা ইমানদার বেটিন, ইছার মা মরিয়ম আর তান
ভাইয়াইন।
15 হউ সময় একদিন পিতরে অনুমান একশো বিশজন মুমিন
অকলর মাজে উবাইয়া কইলা,
16 "ভাই অকল, ইছারে যেরা ধরাত আইছিল তারারে পথ চিনাইয়া
নিছিল ইহুদা, তার বেয়াপারে বউত আগে দাউদ নবীর মুখো পাক রুহে
যেতা কইছলা, পাক কালামর ই কথা পুরা অওয়ার দরকার আছিল।
17 হে তো আমরারউ একজন আছিল, আর আমরার লগে তরিকার
খেজমতর লাগি তারেও সাহাবি হিসাবে পছন্দ করা অইছিল।"
18 অউ নাপাকি কামর টেকা দিয়া হে একজরা জমি লইছিল, আর
অউ জমিনো উফইত অইয়া পড়িয়া তার পেট ফাটিয়া আত-ভড় বার
অইলো।
19 জেরুজালেমর হকল মানষে ইতা হুনছিল, এরলাগি হকলে অউ
জমিনরে ডাকইন আকেলদামা বা লউর জমিন।
পিতরে আরো কইলা,
20 "অউ কথা পবিত্র জবুর শরিফো আছে:

তার বসত খানা খালি রউক,
হনো রওয়ার কেউ না থাকউক।
তার গদি আরক জনে পাউক।

21-22 এরলাগি এহিয়ায় যেবলা তৌবার গোছল করাইতা হউ সময়
থাকি, ইছারে আমরার গেছ থনে তুলিয়া নেওয়ার আগ পর্যন্ত, যতদিন
ইছা আমরার লগে চলা-ফিরা করছিলা, অতদিন যেরা আমরার দলো
আছিল, এরার মাজ থনে ইছা যেন মুর্দা থাকি জিন্দা অইয়া উঠছইন,
এর সাক্ষি হিসাবে অইন্য আরক জনরে আমরা সাহাবি অকলর দলো
হারানি লাগবো।"
23 তেউ তারা অউ দুইজনরে উবা করাইলা, ইউছুফ বার্শাব্বা, তান
আরক নাম ইউছতুছ; আর মাতিয়াছ।
24-25 বাদে তারা দোয়া করলা, "ও মাবুদ, তুমি হকলর দিলর খবর
জানো, ইহুদায় তো তার নিজর জাগাত যাওয়ার লাগি খেজমত আর

সাহাবি পদর কাম বাদ দিলাইছে, ইহুদার বদলা ই দুইজনর মাজে তুমি
কারে পছন্দ করো আমরারে চিনাইয়া দেও।”
26 হেশে তারা দুইজনর নামে লটারি মারলে মাতিয়াছর নাম উঠলো;
তেউ মাতিয়াছ অউ এগারো জন সাহাবির লগে যোগ অইলা।

2

উম্মত অকলে পাক রুহ পাইলা

1 পঞ্চাইশা ইদর দিন তারা হকল এক জাগাত দলা আছলা।
2 অউ সময় আছমান থাকি তুফানর লাখান এক আওয়াজ অইলো,
তারা যে ঘরো বওয়াত আছলা ই আওয়াজে আস্তা ঘর ভরিগেল।
3 তারা দেখলা, আগুইনর লুক্কার লাখান কিতার টুকরাইন আইছে,
আর ই লুক্কাইন তারা হকলর উপরে আইয়া বইলো।
4 তেউ তারা হকলে পাক রুহে কামিল অইলা, আর রুহর গাইবি
বলে তারা আলগ আলগ ভাষায় মাততা লাগলা।
5 ই সময় দুনিয়ার হক্কল দেশর পরেজগার ইহুদি অকল
জেরুজালেমো আছলা।
6 ই আওয়াজর লগে লগেউ তারা আইয়া ভিড় করিল্লা আর বেআখল
অইগেলা, কারন এরারে যারযির নিজর ভাষায় মাত-কথা মাততে
দেখলা।
7 দেখিয়া তারা তাইজ্জুব অইয়া মাতা-মাতি করলা, “অউ যেরা
মাতরা এরা হকলউ কিতা গালিলর মানুষ নায় নি?
8 যুদি অয় তে আমরা কিলা যারযির নিজর ভাষার বুলি এরার গেছ
থাকি হুনরাম?
9 আমরা তো পার্থীয়, মাদীয়, ইলামীয়, আর মেসপতামিয়ার
বাসিন্দা, এহুদিয়া, কাপ্পাদকিয়া, পন্ত, আছিয়া,
10 ফরুগিয়া, পামফুলিয়া আর মিসর দেশর মানষেও; লিবিয়ার
কুরিনি এলাকার মানষে, ইনো ঘুরাত আইছইন অউলা রোমান অকলে,
11 যেরা ইহুদি জাতি বা ইহুদি ধর্মর মানুষ, আর ক্রীতীয়, আরবি,
আমরা হকলেউ তো যারযির নিজর ভাষায় আল্লার কুদরতি কামর কথা
এরার মুখ থাকি হুনরাম!”

12 অউ লাখান তারা তাইজ্জুব আর বেআখল বনিয়া একে-অইন্যয়
জিকাইলা, “এর মানি কিতা?”
13 আর বাকি অকলে ঠাট্টা করিয়া কইলো, “এরা তো মদ খাইয়া
মাতলামি করের!”

হজরত পিতরর বয়ান

14 ইতা হুনিয়া পিতরে অউ এগারো জন সাহাবির লগে উবাইয়া
জুরে জুরে তারারে কইলা, “ও ইহুদি অকল আর জেরুজালেমর
বাসিন্দা অকল, আপনারা জানিয়া রাখউক্কা আর মন দিয়া আমার বয়ান
হুনউক্কা।
15 আপনারা মনো কররা এরা মাতাল অইগেছে, না, আসলে ঠিক
নায়, অখন তো খালি সকাল নয়টা বাজের।
16 ইটা তো অউ ঘটনা যার বেয়াপারে নবী যোয়েলে কইছলা:

17 আল্লায় ফরমাইরা,
আখেরি জমানাত অউলা ঘটবো,
আমি আমার রুহ হক্কলর মাজে বেজিমু;
তেউ তুমরার পুয়া-পুড়িন্তে নবীর লাখান বাতুনি মাত মাতবা,
তুমরার জুয়ান অকলে গাইবি আলামতর দেখা পাইবা,
মুরব্বি অকলে খোয়াব দেখবা।
18 অউ সময় আমার বন্দা-বান্দির উপরে
আমার রুহ বেজিমু,
তারা নবীর লাখান ওহী কইবা।
19 আমি উপরে আছমানো বউত কেরামতি দেখাইমু,
আর তলে দুনিয়াত বউত নিশানা ঘটাইমু,
লউ, আগুইন আর কালা-ধুমা দেখাইমু।
20 মাবুদর ই মহান আর খাছ দিন আইবার আগে,
সুরুজ আন্দাইর অইযিবো,
চান্দ লউর লাখান অইযিবো।
21 আর অউলান অইবো,
যেকুনু মানষে মাবুদর নামে ডাকিলে,

হে নাজাত হাছিল করবো।

22 ও বনি ইছরাইল অকল, হুনউক্কা, নাছারতর ইছার মাজদিয়া
আল্লায় তান কুদরতি আর কেরামতি কাম করাইয়া, আপনাইন্তর গেছে
পরমান করছইন, তাইনউ ইছারে পাঠাইছলা, আর ইতা তো আপনারাও
জানইন।
23 আল্লা, যেইন আগেউ জানইন আর ফয়ছালাও করিয়া রাখছইন,
ইছারে আপনাইন্তর আতো সপিবা। আর আপনারা বে-দীন অকলর
আতানে তানরে দুখ-কষ্টর সলিবো দিয়া জানে মারছইন।
24 অইলে আল্লায় মউতর আজাব থাকি তানরে খালাছ করিয়া জিন্দা
করছইন, কারন মউতর খেমতা আছিল না তানরে কবজা করার।
25 দাউদেও তান কথা কইছইন:

আমি হামেশা মুনিবরে আমার ছামনে দেখতাম,
তাইন আমার ডাইন গালাত আছইন,
আমি যানু অস্থির না অই।

26 এরলাগি আমার দিল খুশি অয়,
আমার মুখ থাকি ফুর্তি বারয়,
আমার কায়া অউ আশায় জিতা রইবো,

27 কারন তুমি আমার জানরে
পাতালো ফালাইয়া থইতায় নায়,

তুমার পাক বন্দার শরিলরে
পচা-গলা অইতে দিতায় নায়।

28 তুমি আমারে জিন্দেগির পথ জানাইছো।
তুমার দিদারর মাজে আছে পুরাপুর ফুর্তি।

29 ভাই অকল, অউ মহান-বাফ দাউদর বেয়াপারে আমি আপনারারে
খুলা-খুলি কইরাম, তাইন মারা গেছইন, তানরে দাফন করা অইছে,
আর তান কয়বর আইজও অখানো আছে।

30 তাইন একজন নবী আছলা আর তাইন জানতা, আল্লায় কছম
করিয়া ই ওয়াদা করছইন যেন, তানউ ওয়ারিশর একজনরে তান গদিত
বওয়াইবা।
31 এরলাগি আগ থনে দেখিয়াউ তাইন আল্লার ওয়াদা করা বাদশা,
মানি আল-মসীর মুর্দা থাকি জিন্দা অইয়া উঠার বেয়াপারে অউ কথা
কইছলা, এনরে পাতালো ফালাইয়া থওয়া অইতো নায়, এন কায়াও
পচতো নায়।
32 আল্লায় অউ ইছারেউ জিন্দা করিয়া তুলছিলা, আমরা হক্কল এর
সাক্ষি।
33 আল্লার ডাইনর তখতো বইবার তাক্কত তানরেউ দেওয়া অইছে,
গাইবি বাফর ওয়াদা করা পাক রুহ তাইনউ পাইছলা, আর অখন
আপনারা যেতা দেখরা আর হুনরা ইতা তাইনউ করছইন।
34 দাউদ তো নিজে বেহেস্তো হামাইছইন না, অইলে তাইন কইছইন:

মাবুদে আমার মুনিবরে কইলা,
তুমি আমার ডাইন গালাত বও,
35 আমি তুমার দুশমন অকলরে
তুমার পাওর তলাত ফালানি পর্যন্ত বও।

36 এরলাগি হক্কল বনি ইছরাইলে অউ কথা ভালা করি জানউক্কা,
আপনারা যেনরে সলিবো গাথিছলা, আল্লায় অউ ইছারেউ মালিক আর
আল-মসী দুইও তখত দিছইন।”
37 ইতা হুনিয়া মানষর দিলো ছেল হামাইলো, তারা পিতর আর
সাহাবি অকলরে জিকাইলো, “ভাইয়াইনরে, আমরা কিতা করতাম?”
38 পিতরে জুয়াপ দিলা, “মন ফিরাউক্কা, আপনারা হকলে গুনার
মাফির লাগি ইছা আল-মসীর নামে তৌবার গোছল করউক্কা, তেউ
আপনারা দান হিসাবে পাক রুহ পাইবা।
39 ই ওয়াদা আপনাইন্তর লাগি, আপনাইন্তর আওলাদর লাগি, যেরা
দুরই আছে তারার লাগি, যত মানষরে আমরার মাবুদ আল্লায় তান খাছ
বন্দা অইবার লাগি দাওত দিবা তারা হক্কলর লাগি।”
40 আরো বউততা কইয়া পিতরে হুশিয়ার আর মিনত করি কইলা, “ই
জমানার নাফরমান অকলর গেছ থাকি আপনাইন্তর জান বাচাউক্কা।”

মুমিন অকলর চাল-চলন

41 তান বয়ান হুনিয়া যেরা ইমান আনলা তারা তৌবার গোছল করলা,
অনুমান তিন আজার মানুষ ই দিন উম্মত অকলর লগে শরিক অইলা।
42 তারা সাহাবি অকলর তালিম হুনা, তারার লগে শরিক অইয়া
আল-মসীর মেজবানি খাওয়া, আর দোয়া করাত হামেশা কাইম রইতা।
43 তেউ হকলে ডরাইতো কারন সাহাবি অকলে বউত কেরামতি
আর মোজেজা কাম দেখাইতা।
44 হক্কল ইমানদার অকল একখানো রইতা আর যারযির দরকারি
ছামানা অন থাকি নিতা।
45 তারার জমি-জমা ধন-দৌলত বেচিয়া যার যেলা দরকার অউলা
বাটিয়া দিতা।
46 তারা পরতেক দিন বায়তুল-মুকাদ্দছো একখানো মিলতা, আর
খুশি অইয়া একলগে সরল মনে ঘরো ঘরো গিয়া খানা-পিনা করতা।
47 তারা আল্লার তারিফ করাত রইতা আর হক্কল মানষর মহব্বতর
মানুষ অইলা। যেরা নাজাত হাছিল করতা, আল্লায় তারারেও আনিয়া
দিনে দিনে এরার লগে শরিক করতা।

3

লেংড়া হকিররে শিফা করা

1 একদিন আছর অখতর নমাজর লাগি পিতর আর হান্নান বায়তুল-
মুকাদ্দছো যাওয়াত আছলা;
2 মানষে পরতেক দিন একজন মানষরে বইয়া আনিয়া বায়তুল-
মুকাদ্দছর "সুন্দর" নামর গেইটর গেছে থইতা, হে জন্মগত লেংড়া-
আতুর আছিল, যেরা বায়তুল-মুকাদ্দছো যাইন তারার গেছে ভিক
চাওয়ার লাগি তারে হিখানো থওয়া অইতো।
3 পিতর আর হান্নানরে বায়তুল-মুকাদ্দছো হামানিত দেখিয়া হে
তারার গেছে মিনত-কাজ্জি করি ভিক খুজিলো।
4 পিতর আর হান্নান তার বায় ধিয়ান ধরি চাইয়া কইলা, "আমরার
বায় চাও।"
5 তেউ হে তারার গেছ থাকি কুন্তা পাওয়ার লালছে ধিয়ান ধরি
চাইরইলো।

6 পিতরে তারে কইলা, “আমরার গেছে তো সোনা-রুপা কুন্তা নাই
রেবা, অইলে যেতা আছে তুমারে দান কররাম। নাছারতর ইছা আল-
মসীর নামে আটিয়া যাও।”
7 কইয়া হারি তাইন এর ডাইন আতো ধরিয়া উচা করলা, আর লগে
লগেউ তার পাও আর গুছিত বল আইলো।
8 হে ফালদি উঠিয়া উবাইলো আর আটা শুরু করলো, আটি
আটি ফালাই ফালাই আল্লার তারিফ করতে করতে এরার লগে অইয়া
বায়তুল-মুকাদ্দছো হামাইগেল।
9 হক্কল মানষে তারে আটাত আর আল্লার তারিফ করাত দেখিয়া
10 এরে চিনিলিলো, ইগু দেখি অউ মানুষ, যেগুয়ে বায়তুল-
মুকাদ্দছর সুন্দর নামর গেইটো বইয়া ভিক করতো! তার হালত দেখিয়া
মানুষ আচানক তাইজ্জুব অইগেল।

বায়তুল-মুকাদ্দছো হজরত পিতর আর হান্নান

11 অইলে লেংড়া হকিরে পিতর আর হান্নানর খরে অইয়া ঘুরায়,
মানষে পিতরর ই কামে তাইজ্জুব অইয়া দৌড়িয়া সুলাইমান নামর
বারিন্দাত তান গেছে আইলো।
12 ইতা দেখিয়া পিতরে মানষরে কইলা, “ও বনি ইছরাইল অকল,
এরে দেখিয়া আপনারা তাইজ্জুব অইগেলা কেনে? আমরার নিজর
পীরাকি বা পরেজগারির গুনে তারে চলার শক্তি দিছি মনে করিয়া,
কেনে আমরার বায় ধিয়ান ধরি চাইরইছো?
13 ইব্রাহিম, ইছহাক আর ইয়াকুবর আল্লা, আমরার বাফ-দাদা
অকলর আল্লা, তান আপন বন্দা ইছার মহিমা জাইর করছইন, যেনরে
আপনারা দুশমনর আতো সপি দিছলা। আর হাকিম পিলাতে যেবলা
তানরে ছাড়ি দিতা করি নিয়ত করছলা, ই সময় আপনারা ইছারে দুরই
হরাই দিছইন।
14 আপনারা অউ পাক-পরেজগার মানষরে হরাই দিয়া একজন
খুনিরে ছাড়ানির লাগি সুপারিশ দিছইন।
15 যেইন জিন্দেগি দান করইন তানরে আপনারা জানে মারিলিছইন,
অইলে আল্লায় তানরে মুর্দা থাকি জিন্দা করছইন, আমরা এর সাক্ষি।

16 আর তান উপরে ইমান আনায়, অউ যে বেটারে আপনারা চিনরা
আর দেখরা, হউ ইছার নামউ তারে বলআলা করছে। ইছার মাজেদি
যেতা ইমান পয়দা অয়, অউ ইমানর বলেউ আপনারা হকলর ছামনে
তারে ভালা করা অইছে।

17 “ও ভাই অকল, আমি অখন জানি আপনাইন্তর মুরব্বি-সালিশ
অকলর লাখান আপনারাও না-বুজিয়া ই কাম করিলিছইন।
18 অইলে আল্লায় তান তামাম নবী অকলর মাজদি আল-মসীর
তকলিফর বেয়াপারে আগে যততা জানাইছইন, ই হক্কলতা অউ লাখান
করি পুরা করছইন।
19 এরলাগি আপনারা মন ফিরাউক্কা আর আল্লার মুখি অউক্কা, যাতে
আপনাইন্তর গুনা অকল ফুছিয়া ছাফ করা অয়।
20 তে অউ লাখান অখত আইবো, যেবলা মাবুদে হউ ইছারে মানি
তান পছন্দ করা আল-মসীরে বেজিয়া আপনাইন্তরে তরতাজা করবা।
21 আল্লায় হকলতারে আগর হালতো ফিরাইবা, ইতা বউত দিন
আগেউ পাক নবী অকলর জবান দিয়া কইছইন। যতদিন তান ই ওয়াদা
পুরা না করবা, অতো দিন ইছাও বেহেস্তর মাজে রইবা।
22 মুছায় তো কইছলা, “মাবুদ আল্লায় তুমরার লাগি তুমরার নিজর
মানুষ অকল থাকি আমার লাখান এক নবী পয়দা করবা, তাইন তুমরারে
যেতা কইবা, তুমরা ই হকলতাউ আমল করিও।
23 যেগুয়ে তান কথা হুনতো নায়, আল্লায় এরে নিজর বন্দার খাতা
থাকি ফুছিয়া ফালাই দিবা।”
24 আর [বাদশা দাউদর আমলর] শামুয়েল নবী থাকি শুরু করি যত
নবী অকলে কালাম বাতাইছইন, এরা হকলেউ ই অখতর কথা কইছইন।
25 আপনারা তো ই নবী অকলর ওয়ারিশ, আর হউ কানুনরও
ওয়ারিশ যেতা আল্লায় আপনাইন্তর বাফ-দাদা অকলর লগে কাইম
করছিলা। আল্লায় হজরত ইব্রাহিমরে কইছলা, “তুমার ওয়ারিশর
মাজেদি দুনিয়ার হক্কল জাতিয়ে বরকত পাইবা।”
26 হউ ওয়ারিশ, মানি তান খাছ গুলাম ইছারে, আল্লায় পয়লাউ
আপনাইন্তর গেছে বেজিছইন, যাতে তাইন আপনারারে বে-দীনি কাম
অকল থাকি ফিরাইয়া হারি বরকত দেইন।”

4

হজরত পিতর আর হান্নানরে আটক করা

1 পিতর আর হান্নানে যেবলা মানষরে বয়ান কররা অউ সময় ইমাম
অকল, বায়তুল-মুকাদ্দছর বড় দারোগা আর সিদ্দেকিয়া মজহবর মানুষ
আখতাউ তারার গেছে আইলা।
2 পিতর আর হান্নানে মানষরে তালিম দিরা আর ইছার মাজদিয়াউ
মুর্দা অকল হিরবার জিন্দা অইয়া উঠার বেয়াপারে তবলিগ কররা
দেখিয়া তারা খুব নারাজ অইছলা।
3 তারা পিতর আর হান্নানরে আটক করলা আর হাইঞ্জা অইগেছিল
করি এরারে বাদর দিন পর্যন্ত বন্দি করি থইলা।
4 যেরা পিতরর বয়ান হুনছিলা এরার মাজে বউতে ইমান আনলা,
তেউ ইমানদার বেটাইন্তর পরিমান পাচ আজারর লাখান অইলো।
5 বাদর দিন ইহুদির নেতা অকল, মুরব্বি-সালিশ আর মৌলানা
অকল একলগে জেরুজালেমো দলা অইলা।
6 হিখানো পরধান ইমাম হানন, কায়াফা, ইউহোন্না, ছিকন্দর আর
পরধান ইমামর খেশ-কুটুম অকলও আজির আছলা।
7 তারা পিতর আর হান্নানরে তারার মাজখানো উবা করাইয়া
জিকাইলা, "তুমরা কুন বলে আর কার নামে ই কাম কররায়?"
8 তেউ পিতরে পাক রুহে কামিল অইয়া তারারে কইলা, "ও মুরব্বি
ছায়বাইন আর দেশর বুজুর্গ অকল,
9 একজন লেংড়া-আতুর মানষর ভালাই করছি করি আপনারা
আইজ আমরারে জেরা কররা, মানুষগু কিলা ভালা অইলো।
10 তে আপনারা হকলে আর বনি ইছরাইল অকলেও হুনউক্কা,
নাছারতর ইছা আল-মসীর নামে, যেনরে আপনারা সলিবো গাথিয়া
জানে মারছলা, যেনরে আল্লায় মুর্দা থাকি জিন্দা করছইন, তান বলেউ
ই মানুষগু আপনাইন্তর ছামনে ভালা অইয়া উবাইছে।
11 তাইন হউ পাথর, যেটারে রাজ মেস্তইর অকলে, মানি আপনারা
এলামি করি বাদ দিলাইছলা, পাক কিতাবর কথা মাফিক হউ পাথরউ
আইজ ইয়ান কুনার হকল থাকি জরুরি খুটি অইছে।

12 তরানির খেমতা আর কেউরর গেছে নাই, কারন আছমানর তলে
আর জমিনর উপরে অউলা আর কুনু নাম দেওয়া অইছে না, যেন নামে
আমরা রেহাই পাইমু।”
13 পিতর আর হান্নানর সাওস দেখিয়া, এরা যেন অশিক্ষিত সামাইন্য
মানুষ ইতা জানিয়া তারা তাইজ্জুব অইগেলা, আর এরা ইছার লগে
আছলা করিও চিনলা।
14 যে বেটা ভালা অইছিল, হে এরার লগে উবাইরইছে দেখিয়া
এরারে আর কুন্তা কওয়ার সাওস অইলো না।
15 বাদে মজলিছ থাকি এরারে বারে যাওয়ার হুকুম দিয়া তারা হকলে
পরামিশ করাত বইয়া
16 কইলা, “ই মানষরে লইয়া আমরা কিতা করতাম? এরা তো বউত
বড় এক কেরামতি কাম করছে আর ইতা তো আস্তা জেরুজালেমর
হকলে জানে, আর আমরাও ইটারে অস্বীকার করতাম পারিয়ার না।
17 অইলে মানষর গেছে যানু ই কথা আর জানা-জানি না অয়,
এরলাগি এরারে ডর দেখাইল অউক, যাতে ই জনর নামে তারা আর
কেউরর গেছে কুন্তা না কয়।”
18 বাদে তারা পিতর আর হান্নানরে হিরবার আনাইয়া অউ হুকুম
দিলা, “তুমরা ইছার নামে আর কুনুদিন একদম কিচ্ছু কইও না,
কুনুজাত নছিয়তও করিও না।”
19 পিতর আর হান্নানে তারারে জুয়াপ দিলা, “আমরা আপনাইন্তর
হুকুম মানতাম, না আল্লার হুকুম মানতাম? আল্লার নজরো কুনখান
ঠিক, ইতা আপনারাউ বিচার করউক্কা।
20 আমরা যেতা দেখছি আর হুনছি, ইতা না কইয়া তো থাকতাম
পারি না।”
21 তেউ তারা পিতর আর হান্নানরে আরো ডর দেখাইয়া ছাড়ি দিলা।
মানষরে ডরাইয়া তারা এরারে কুনু সাজা দিতা পারলা না, কারন যেতা
ঘটছিল ইতা দেখিয়া হকল মানষে আল্লার প্রশংসা করাত আছিল।
22 যে মানুষগু কেরামতি কামর মাজদি ভালা অইছিল তার বয়স
চাল্লিশ বছরর বেশি আছিল।

তবলিগ কামর সাওসর লাগি দোয়া

23 ই বিচার থাকি তারারে ছাড়ার বাদে পিতর আর হান্নান তারার
আপন মানষর গেছে গেলাগি, গিয়া বড় ইমাম অকলে আর মুরব্বি-
সালিশ অকলেও তারারে যেতা যেতা কইছলা, ইতা হক্কলতা জানাইলা।
24 ইতা হুনার বাদে তারা হকলে এক দিলে আল্লার গেছে জুরে জুরে
দোয়া করলা, "ও মালিক, তুমি আছমান, জমিন, দরিয়া আর ইতার
মাজে যততা আছে হক্কলতা পয়দা করছো।
25 তুমি তুমার গুলাম, আমরার খান্দানর বাফ দাউদর জবানো পাক
রুহর মাজদিয়া অউলা কইছো,

হক্কল জাতিয়ে কেনে অস্থির অইয়া চিল্লাইরা?
কিওর লাগি মানষে বেহুদা ফন্দি করের?
26 জগতর বাদশা অকল বিগড়ি গেলো,
রাজা অকল একখানো দলা অইলো,
মাবুদর বিরুদ্ধে আর তান আল-মসীর বিরুদ্ধে।

27 তুমার পবিত্র গুলাম ইছা, যেনরে তুমি আল-মসী করিয়া দুনিয়াত
পাঠাইছো, তান বিরুদ্ধে রাজা হেরোদ আর পন্তীয় পিলাত, অউ শহরো
অ-ইহুদি আর বনি ইছরাইলর লগে একখানো অইছিল।
28 তুমার মর্জি আর তুমার কুদরতে যেতা ঘটার লাগি তুমি আগেউ ঠিক
করি রাখছিলায়, তারা অউতাউ ঘটাইছে।
29 অখন ও মালিক, তারা আমরারে কিলা ডর দেখাইরা, তুমি খিয়াল
করো, তুমার গুলাম অকলরে অউলা তাক্কত দেও যাতে, পুরাপুর
সাওস করিয়া তুমার কালাম তবলিগ করতাম পারি।
30 বেমারি অকলর শিফার লাগি তুমার আত মুবারক বাড়াই দেও, আর
তুমার পাক গুলাম ইছার নামে মোজেজা আর কেরামতি দেখানির
তৌফিক দেও।"
31 তারার দোয়া করার বাদে যে জাগাত তারা দলা অইছলা, হি জাগা
কাপিয়া উঠলো। আর তারা হকলে পাক রুহে কামিল অইয়া সাওস
করিয়া আল্লার কালাম তবলিগ করাত রইলা।

ইমানদারর মহব্বত

32 যেরা আল-মসীর উপরে ইমান আনছিলা, তারার এক মন আর
এক দিল আছিল। তারা একজনেও নিজর ধন-দৌলতরে নিজর কইয়া
দাবি করতা না, হক্কলতাউ হকলর দরকার মত খরচ করতা।
33 সাহাবি অকলে খুব হিম্মত করিয়া, হজরত ইছার মুর্দা থাকি জিন্দা
অইয়া উঠার বিষয়ে তবলিগ করতা, আর তারা হক্কলর উপরে আল্লার
খাছ রহমত আছিল।
34 তারার মাজে কেউ অভাবি আছলা না, কারন যেরার জমিন বা
বাড়ি আছিল তারা ইতা হকলতা বেচিয়া,
35 সাহাবি অকলর গেছে আনিয়া দান করিলিতা, বাদে যার যেলা
গরজ তারে অউলা দেওয়া অইতো।
36 আর ইউছুফ নামে লেবির বংশর একজন মানুষ আছলা, তান
বাড়ি সাইপ্রাস দ্বীপ, সাহাবি অকলে তানরে ডাকিতা বার্নাবাছ, মানি
উত্সাহ যুগাওরা,
37 তান একজরা জমিন আছিল, তাইনও তান জমিনখান বেচিয়া
টেকা আনিয়া সাহাবি অকলর কদমো দান করলা।

5

অননিয় আর সাফীরার বেইমানির ফল

1 অউ সময় অননিয় নামে একজন মানুষ আর তার বউ সাফীরায়
তারারও একজরা জমিন বেচিলা,
2 বেচিয়া তার বউর জানা মন্তেউ জমিনর কিছু টেকা নিজর লাগি
লুকাইয়া, বাকি টেকা সাহাবি অকলর পাওত দিলা।
3 তেউ পিতরে কইলা, "অননিয়, শয়তানে কেমনে তুমার দিলরে
দখল করলো, তুমি পাক রুহর গেছে কিলা মিছা মাতলায়, আর জমিন
বেচার টেকা কিছু লুকাই রাখলায়?
4 বেচার আগে জমিনখান কিতা তুমার আছিল না নি? আর বেচার
বাদেও তো ই টেকা তুমার এখতিয়ারো আছিল, তে কেনে তুমার
ভিতরে ইতা হামাইলো? তুমি তো মানষর গেছে মিছা মাতছো না,
আল্লার গেছেউ মিছা মাতলায়।"
5 ইতা হুনার লগে লগেউ অননিয় মাটিত পড়িয়া মরিগেল। আর
যেরা ই ঘটনা হুনলো তারা হকলেউ খুব ডরাইগেল।

6 বাদে জুয়ান অকলে আইয়া তারে কাফন ফিন্দাইয়া বারে নিয়া মাটি
দিলা।
7 অনুমান তিন ঘন্টা বাদে তার বউও হনো আইলো, অইলে আগে
কিতা ঘটছে তাই জানতো না।
8 তেউ পিতরে তাইরে জিকাইলা, "আমারে কওছাইন, তুমরা ই
জমিন অতো টেকায় বেচিছলায় নি?" তাই কইলো, "জিঅয় অতো
টেকায়উ।"
9 অউ পিতরে কইলা, "মাবুদর রুহরে পরিক্ষা করার লাগি তুমরা
কেনে একমত অইলায়? দেখো, যেরা তুমার জামাইরে দাফন করছে
তারা অখন দরজার ছামনে আইওর, তারা তুমারেও বারে লইয়া
যাইবো।"
10 লগে লগেউ সাফীরা পিতরর পাওত পড়িয়া মরিগেল, আর অউ
জুয়ান অকলে ঘরো আইয়া তাইরে মরা দেখিয়া বারে নিয়া জামাইর
কান্দাত মাটি দিলা।
11 তেউ হক্কল জমাত, আর যত মানষে ইতা হুনলো, হকলেউ খুব
ডরাইলো।

সাহাবি অকলর কেরামতি কাম

12 সাহাবি অকলর আতানে মানষর মাজে বউত মোজেজা আর
কেরামতি নিশানা জাইর অইতো, তারা হকলে এক দিল অইয়া বায়তুল-
মুকাদ্দছর সুলাইমানর বারিন্দাত দলা অইতা।
13 যুদিও মানষে তারারে ইজ্জত করতা, তা-ও আর কেউ তারার
লগে মিশতে সাওস করলো না।
14 আর দিনে দিনে বউত বেটাইন-বেটিন্তে ইমান আনিয়া আল্লার
দলো হামানিত লাগলা।
15 আর মানষে বেমারি অকলরে বারে আনিয়া পথর কান্দায় কান্দায়
হুতাইয়া আর বিছনা পাতিয়া বওয়াইয়া থইতা, যাতে পিতরে চলা-ফিরার
সময় অন্তত তান ছেবা খানও তারা কেউরর উপরে পড়ে।
16 আর জেরুজালেমর কান্দা-কাছার গাউয়াইন থাকি মানষে তারার
বেমারি অকলরে আর জিনর আছর আলা মানষরে লইয়া আইয়া ভিড়
জমাইতো, তারা হক্কলউ ভালা অইতো।

হক্কল সাহাবিরে আটক করা

17 ইতা দেখিয়া পরধান ইমাম আর তান লগর সিদ্দেকিয়া অকল
ইংসায় জলি-পুড়ি উঠলা,
18 আর সাহাবি অকলরে ধরিয়া সরকারি জেলো হারাইলা।
19 অইলে রাইতকু মাবুদর একজন ফিরিস্তায় জেলর দুয়ার খুলিয়া
তারারে বারে আনিয়া কইলা,
20 "তুমরা যাও, বায়তুল-মুকাদ্দছো উবাইয়া মানষর গেছে নয়া
জিন্দেগির কথা কও।"
21 ইতা হুনিয়া তারা খুব সকালে বায়তুল-মুকাদ্দছো হামাইয়া মানষরে
নছিয়ত করাত লাগলা। ইবায় পরধান ইমাম আর তান লগর হকলে
আইয়া দেশর ফতোয়া কমিটিরে আর বনি ইছরাইলর মুরব্বি অকলরে
একখানো দলা করলা, আর সাহাবি অকলরে আনার লাগি জেল খানাত
মানুষ পাঠাইলা।
22 অইলে তারা গিয়া এরারে জেল খানাত পাইলা না। অউ তারা
ফিরিয়া আইয়া খবর কইলা,
23 "আমরা দেখছি, জেলর দরজা শক্ত করি লাগাইল, আর দুয়ারো
দুয়ারো পারাদার উবাই রইছইন, অইলে দুয়ার খুলিয়া ভিতরে কেউররে
পাইলাম না।"
24 ইতা হুনিয়া বায়তুল-মুকাদ্দছর বড় দারোগায় আর বড় ইমাম
অকলে বেওকুফ অইয়া চিন্তাত পড়লা, এর ফল কিতা অইবো।
25 এরমাজে কুনু একজনে আইয়া তারারে খবর দিলো, "দেখউক্কা,
আপনারা যে মানষরে জেলো হারাইছলা, তারা বায়তুল-মুকাদ্দছো
উবাইয়া মানষরে নছিয়ত করের।"
26 তেউ বড় দারোগায় তান সিপাই দলরে লইয়া হনো গিয়া সাহাবি
অকলরে ধরিয়া আনলা, অইলে জুর-জবরদস্তি করলা না কারন তারা
ডরাইগেলা, মানষে তারারে পাথরদি মারতা পারইন।
27 বাদে সাহাবি অকলরে আনিয়া তারা ফতোয়া কমিটির ছামনে
উবা করাইলা, আর পরধান ইমামে এরারে জিকাইলা,
28 "আমরা তুমরারে দড়াইয়া হুকুম দিছলাম, ই নামে কুনু নছিয়ত
না করার লাগি, তা-ও আস্তা জেরুজালেম জুড়ি তুমরার তালিমে

ভরিলিছো, আর অউ জনর খুনর ভার আমরার উপরে ফালাইতায়
চাইরায়।”
29 তেউ পিতর আর তান লগর সাহাবি অকলে জুয়াপ দিলা,
“মানষর হুকুম মানার চাইতে আল্লার হুকুম মানা তো ফরজ।
30 আমরার বাফ-দাদার আল্লায় হউ ইছারে মুর্দা থাকি জিন্দা
করছইন, যেনরে আপনারা গাছো লটকাইয়া জানে মারছলা,
31 আল্লায় তানরেউ তরানেআলা আর বাদশা বানাইয়া নিজর ডাইন
গালাত বইবার ইজ্জত দান করছইন, যাতে তাইন বনি ইছরাইল
অকলরে তৌবা করার সুযোগ, আর গুনার মাফি দিতা পারইন।
32 আমরা ই হকলতার সাক্ষি, আর আল্লায় তান নিজর হুকুম মানরা
বন্দা অকলরে যে পাক রুহ দিছইন, হউ পাক রুহও এর সাক্ষি।”
33 ইতা হুনিয়া তারা গুছায় আগুইন অইগেলা, আর সাহাবি অকলরে
জানে মারার লাগি নিয়ত করলা।
34 অইলে অউ মজলিছ থাকি গমলীয়েল নামে ফরিশি মজহবর
একজন মানুষ উবাইলা, তাইন একজন নামকরা মৌলানা আছলা,
হক্কলে তানরে ইজ্জত করতো, তাইন সাহাবি অকলরে থুড়া বারে
নেওয়ার হুকুম দিলা।
35 বাদে তাইন ফতোয়া কমিটির মানষরে কইলা, “ও বনি ইছরাইল
অকল, ই মানুষ অকলরে তুমরা যেতা করতায় চাইরায় ই বেয়াপারে
হুশিয়ার অও।
36 হুনো, অউ কয়দিন আগে থুদা নামে একজন মানুষ আইয়া
খুব বড়-মানষি দেখাইছিল, আর অনুমান চাইরশো মানুষ তার দলো
হামাইছিল। তারে খুন করা অইলো, আর তার দলর হকল মানুষ
চাইরোবায় ছিতরিগেছে, কেউ দলো রইছে না।
37 বাদে গালিলর এহুদা আইয়া দেশর মানুষ গননার বছর, একদল
মানষরে তার দলো হারাইয়া ফিতনা খাড়া করলো, হে-ও মরিগেল,
আর তার লগর হক্কলও ছিতরিগেছে।
38 ইতা দেখিয়া আমি তুমরারে কইরাম, তুমরা ই মানুষ অকলরে
কুন্তা করিও না, তারারে ছাড়ি দেও, তারার কাম-কাজ আর নিয়ত যুদি
মানুষ থাকি অয়, তে ইতা এমনেউ বিনাশ অইযিবো।

39 আর যুদি আল্লা থাকি অয়, তে তুমরা তারারে থামাইতায় পারতায়
নায়, কি জানি হেশে দেখা যাইবো যেন, তুমরাউ আল্লার বিরুদ্ধে
জিহাদ কররায়।” গমলীয়েলর মাতে নেতা অকল রাজি অইলা,
40 তারা সাহাবি অকলরে কাছাত আনাইয়া ছিংলাদি মারলা আর
কইলা, “তুমরা ইছার নামে কুন্তা মাতিও না।” হেশে তারারে ছাড়ি দিলা।
41 তেউ সাহাবি অকলে, ইছার নামর লাগি বেইজ্জতি কামানির জুকা
অইছইন গতিকে খুশি অইয়া ফুর্তি করি করি মজলিছ থাকি বার অইয়া
গেলা।
42 সাহাবি অকলে পরতেক দিন বায়তুল-মুকাদ্দছো আর বাড়িয়ে
বাড়িয়ে গিয়া নছিয়ত করতা, আর ইছাউ যেন আল-মসী ইখান তবলিগ
করা বাদ দিতা না।

এহুদিয়া আর শমরিয়া এলাকাত ইছায়ী জমাত (৬:১-১২:২৫)

6

সাত জন খাদিমদার

1 হি সময় উম্মত অকলর পরিমান বাড়তেউ আছিল, আর উম্মত
অকলর মাজে যেতা ইহুদি অকলে ইউনানি ভাষায় মাততা, তারা
ইবরানি ভাষায় মাতরা ইহুদি অকলর লগে কাইজ্জা করতা লাগলা। তারা
দুষ দেখাইলা, পরতেক দিন খানি বিলানির সময় তারার ড়াড়ি বেটিন্তে
কুন্তা পাইন না।
2 তেউ হউ বারোজন সাহাবিয়ে হকল উম্মতরে এক জাগাত দলা
করিয়া কইলা, “আমরা আল্লার কালামর তবলিগ বাদ দিয়া, খানা-
পিনার বেয়াপারে ব্যস্ত অওয়াখান ঠিক নায়।
3 অইলে ভাই অকল, তুমরার মাজ থাকি অউলা সাতজন সুনাম
আলা মানষরে পছন্দ করো, যেরা পাক রুহে আর হেকমতে পুরা
কামিয়াব আছে, আমরা তারার উপরে ই কামর জিম্মা দিলাইমু।
4 আর আমরা কালামর খেজমত আর দোয়া করার কামো কাইম
রইমু।”

5 তেউ হক্কল মানুষ শান্তি অইলা, তারা পাক রুহ আর ইমানে কামিল
স্তিফানরে পছন্দ করলা, তান লগে ফিলিফ, ফখর, নীকানর, তীমোন,
পার্মিনা আর আন্তিয়খিয়া টাউনর নয়া ইহুদি নিকুলায়রে বাছিয়া নিলা।
6 বাদে তারা অউ সাত জনরে সাহাবি অকলর গেছে লইয়া আইলে,
সাহাবি অকলে দোয়া করিয়া তারার উপরে আত রাখলা।
7 আর আল্লার কালাম ছিতরিয়া চাইরোবায় পৌছিগেল, তেউ
জেরুজালেমো উম্মতর পরিমান খুব জলদি করি বাড়তো লাগলো,
ইহুদি ইমাম অকলর মাজেও বউত জনে আল-মসীর উপরে ইমান
আনলা।

হজরত স্তিফানর হালত

8 স্তিফান আল্লার রহমত আর হিম্মতে কামিল অইয়া, মানষর মাজে
বউত কেরামতি আর মোজেজা কাম করতা লাগলা।
9 ইহুদির যে মছিদরে আজাদ-অওয়া গুলাম অকলর মছিদ ডাকা
অইতো, হউ মছিদর কয়জন মানুষ, কুনু কুনু কুরিনি, আলেকজান্দ্রিয়া,
কিলিকিয়া আর আছিয়া দেশর কিছু মানষে স্তিফানর লগে কাইজ্জা-
তর্ক করাত লাগলা।
10 অইলে স্তিফানে পাক রুহর বলে খুব আখলদার মানষর লাখান
তারার লগে মাতায়, তারা তান লগে মাতিয়া কুলাইতো পারছিল না।
11 তেউ তারা কয়জন বাজে মানষরে ঘুষ দিয়া অখান হিকাই দিলো,
"তুমরা কইও, আমরা হুনছি অউ বেটায় হজরত মুছা আর আল্লার
বিরুদ্ধে কুফুরি মাত মাতের।"
12 অতা করি তারা মানষরে, মুরব্বি অকলরে, আর আলিম
সমাজরে স্তিফানর বিরুদ্ধে বিগড়াইলো, আর তানরে জবরদস্তি করি
ধরিয়া দেশর ফতোয়া কমিটির ছামনে বিচারো আনলো।
13 আর মিছা সাক্ষি অকলে কইলা, "অউ বেটায় হামেশা মুছার
শরিয়তর বিরুদ্ধে আর অউ পবিত্র মোকামর বিরুদ্ধেও মাতে।
14 আমরা হুনছি হে কর, হউ নাছারতর ইছায় ই বায়তুল-মুকাদ্দছ
ভাংগিলিবো আর মুছা নবীয়ে আমরার লাগি যে শরিয়ত থইয়া গেছইন,
ইতা বদলাইলিবো।"

15 ই সময় যেরা ফতোয়া কমিটিত বওয়াত আছলা তারা হকলে
ধিয়ান ধরি স্তিফানর বায় চাইয়া দেখলা, তান মুখ ফিরিস্তার মুখর লাখান
অইগেছে।

7

হজরত স্তিফানর আখেরি বয়ান

1 তেউ পরধান ইমামে স্তিফানরে জিকাইলা, "ইতা কিতা হাছাউ
নি?"
2 স্তিফানে জুয়াপ দিলা, "ও ভাই অকল, বাবা অকল, হুনউক্কা,
আমরার মুল বাফ ইব্রাহিম যেবলা হারান শহরো রওয়ার আগে
মেসপতামিয়াত আছলা, হউ সময় আল্লায় তানরে দিদার দিয়া কইছলা,
3 তুমি তুমার দেশ আর খেশ-কুটুম ছাড়িয়া রওয়ানা দেও, আমি
তুমারে যে দেশ দেখাইমু হউ দেশো যাও।
4 অউ তাইন কলদীয় অকলর বাবিল দেশ থাকি বার অইয়া, হারান
শহরো বসত করলা; আর তান বাফর মউতর বাদে আল্লায় তানরে হন
থাকি ই দেশো আনছইন, যেখানো আপনারা অখন বসত কররা।
5 তা-ও আল্লায় ইনো ইব্রাহিমরে তান নিজর বলতে কুন্তাউ দিলা
না, পাও থইবার জাগা খানও না, অইলে আল্লায় তান লগে ওয়াদা
করলা, তানরে আর তান ওয়ারিশ অকলরে অউ জমিনর মালিকানা
দিবা, যুদিও ই সময় ইব্রাহিমর কুনু আওলাদ অইছইন না।
6 আল্লায় তানরে কইলা, তুমার আওলাদ অকল বিদেশো মুছাফির
রইবা, মানষে তারারেদি গুলামি করাইবা, আর চাইরশো বরছ তারার
উপরে জুলুম চলবো।
7 আল্লায় এওখানও কইলা, যে জাতিয়ে তারারেদি গুলামি
করাইবা, আমি হি জাতির বিচার ফয়ছালা করমু; বাদে তারা হি দেশ
থাকি বার অইয়া আইয়া, অউ জাগাত আমার এবাদত করবা।
8 আল্লায় তানরে মছলমানি করার হুকুম দিলা; হেশে ইব্রাহিমর পুয়া
ইছহাকর জনম অইলো, আর তাইন আট দিনর দিন তার মছলমানি
করাইলা। বাদে ইছহাকে ইয়াকুবরে, আর ইয়াকুবে তান পুয়াইন বারো
খান্দানর বারোজন বাফর মছলমানি করাইলা।

9 “হউ খান্দানর বাফ অকলে ইংসা করিয়া ইউছুফরে বেচিলাইলে,
তানরে মিসর দেশো নেওয়া অইলো। অইলে আল্লা ইউছুফর লগে লগে
আছলা,
10 তাইন ইউছুফরে হকল তকলিফ থাকি হেফাজত করলা, মিসরর
বাদশা ফেরাউনর নজরো দয়া আর কামিয়াবি দান করলা; তেউ
ফেরাউনে তানরে মিসরর হাকিম আর আস্তা রাজবাড়ির দেখা-হুনার
ভার দিলা।
11 বাদে পুরা মিসর আর কেনান দেশো নিদান দেখা দিলো এরলাগি
মানষর খুব দুর্গতি অইছিল, আর আমরার বাফ-দাদা অকলও খানির
অভাবো পড়লা।
12 অইলে মিসরো ফসল আছে হুনিয়া, ইয়াকুবে আমরার বাফ-দাদা
অকলরে পয়লা বার হিখানো পাঠাইলা।
13 বাদে দুছরা বারর বালা ইউছুফে তান ভাইয়াইনরে জানাইলা তাইন
কে, আর ফেরাউনে ইউছুফর পরিবাররে চিন পাইলা।
14 ইউছুফে তান বাবা ইয়াকুব আর নিজর খেশ-কুটুম মিলাইয়া
হক্কলতায় পচত্তইর জনরে খবরদি আনাইলা।
15 ইয়াকুব মিসরো আইলা, হেশে তাইন আর আমরার বাফ-দাদা
অকলও মারা গেলা।
16 তারার লাশ শিখিমো আনিয়া কয়বর দেওয়া অইলো, ই কবরস্থান
ইব্রাহিমে শিখিম শহরর হমোরর খান্দানর গেছ থাকি রুপার টেকা দিয়া
খরিদ করছলা।
17 “ইব্রাহিমর গেছে আল্লায় যেতা ওয়াদা করছিলা, হি ওয়াদা পুরন
অওয়ার সময় যেবলা কাছাই গেল, ই সময় মিসরো আমরার মানষর
পরিমান বউত অইগেছে।
18 হেশে মিসরো এক নয়া বাদশা অইলা, এইন ইউছুফর বেয়াপারে
কুন্তা জানতা না।
19 হি বাদশায় আমরার মানষরে ঠগাইতা আর আমরার বাফ-দাদা
অকলর উপরে খুব জুলুম করতা, তান নিয়ত আছিল এরার হুরুতাইন
জন্মর বাদেউ যাতে বারে ফালাই দেওয়া অয়, আর তারা মরি যাইন।
20 হউ সময় হজরত মুছার জনম অইলো, আল্লার নজরো তাইন খুব
সুন্দর আছলা। তিন মাস পর্যন্ত তাইন তান মা-বাফর বাড়িত আছলা।

21 বাদে তানরে বারে ফালাই দেওয়া অইলে, ফেরাউনর পুড়িয়ে
তানরে নিয়া নিজর পুয়া বানাইয়া পালিয়া বড় করলা।
22 মুছা মিসরীয় ইলিম আর আদব-খাইছলতে বড় অইলা, তাইন
কথায় আর কামে হিম্মতি আছলা।
23 বাদে মুছার বয়স যেবলা চাল্লিশ বরছ অইলো, অউ তান দিলর
মাজে নিজর বনি ইছরাইলি ভাই অকলরে দেখা-হুনা করার খিয়াল
অইলো।
24 তাইন বার অইয়া দেখলা, একজন মিসরীয়ে এক ইছরাইলির
উপরে জুলুম করের, তাইন হউ ইছরাইলিরে সাইয্য করাত গেলা, আর
মিসরীরে জানে মারিয়া এর বদলা লইলা।
25 মুছায় মনে করছিলা তান জাতির মানষে বুজবা যেন, আল্লায়
তানরে দিয়াউ তারারে উদ্ধার করবা; অইলে তারা ইতা বুজলা না।
26 বাদর দিন মুছায় দুইজন ইছরাইলিরে মাইর করাত দেখিয়া,
তারারে মিল-মিশ করার নিয়তে কইলা, অই তুমরা তো ভাই ভাই,
তে তুমরা কেনে একজনে আরক জনর লগে মারামারি কররায়?
27 অইলে যে মানষে বাদ বেবহার করাত আছিল, হে মুছারে ঠেলা
মারি ফালাইয়া কইলো, ওবা, তুমারে খেগিয়ে আমরার উপরে সালিশ
আর হাকিম বানাইছে?
28 কাইল যেলা হউ মিসরীরে খুন করছো, আমারেও অলা করতায়
চাও নি?
29 ইখান হুনিয়াউ মুছায় বাগিয়া মাদিয়ান দেশো গেলাগি, আর
হিখানো তান দুই পুয়ার জনম অইলো।

30 “বাদে আরো চাল্লিশ বরছ গুজরি গেলে, তুর পাহাড়র কান্দাত
মরুভুমিত, আগুইন জালাইল জংলার মাজ থনে এক ফিরিস্তায় মুছারে
দরশন দিলা।
31 মুছায় ইতা দেখিয়া এক্কেরে তাইজ্জুব বনিগেলা, আর ভালা করি
দেখার নিয়তে কান্দাত যাইরা, অউ সময় মাবুদর আওয়াজ হুনলা,
32 আমি তুমার বাফ-দাদার আল্লা, ইব্রাহিম, ইছহাক আর ইয়াকুবর
আল্লা। তেউ মুছায় ডরাইয়া কাপা শুরু করলা, আর ভালা করি দেখার

সাওস পাইলা না।
33 মাবুদে তানরে কইলা, তুমার পাওর জুতা খুলিলাও, কারন তুমি
যেনো উবাইছো ইখান পাক জাগা।
34 হুনো, আমি মিসর দেশো আমার প্রজা অকলর তকলিফ দেখছি,
আমি তারার আহাজারি হুনছি, তারারে উদ্ধার করার লাগি লামিয়া
আইছি, অখন আমি তুমারে মিসর দেশো ফিরত পাঠাইমু।

35 "এইন হউ মুছা, যারে ইছরাইলি অকলে অউ কথা কইয়া ফিরত
দিছিল, কে তুমারে সালিশ আর হাকিম বানাইছে? তানরেউ আল্লার
যে ফিরিস্তায় জংলার মাজে দেখা দিছলা, হউ ফিরিস্তার আতানে বনি
ইছরাইলর সালিশ আর তরানেআলা বানাইয়া পাঠাইলা।
36 আর অউ মুছায়উ মিসরর নীল দরিয়া আর মরুভুমিত চাল্লিশ
বরছ বউত কেরামতি আর মোজেজা কাম করিয়া, মিসর দেশ থাকি
ইছরাইলি অকলরে বার করি আনছলা।

37 "এইন হউ মুছা, যেইন বনি ইছরাইলরে কইছলা, আল্লায় তুমরার
লাগি তুমরার নিজর মানুষ থাকি, আমার লাখান একজন নবীরে
বেজিবা।
38 অউ মুছাউ তো মরুভুমিত আমরার বাফ-দাদা বনি ইছরাইলর
লগে আছলা। আর যে ফিরিস্তায় তুর পাহাড়ো বাতচিত করছিলা, অউ
মুছার লগেউ তাইন মাতিছলা। আর আমরারে দিবার লাগি জিন্দা-
কালাম অউ মুছার গেছেউ দেওয়া অইছিল।

39 "অইলে আমরার বাফ-দাদা অকলে মুছার হুকুম মানতা চাইলা
না, তারা মুছারে হরাই থইয়া মনে মনে হিরবার মিসরর বায় নিয়ত
করিয়া হারুনরে কইলা,
40 আমরারে পথ চিনাইয়া লইয়া যাওয়ার লাগি দেবতা বানাই
দেউক্কা। কারন যে মুছায় মিসর দেশ থাকি আমরারে বার করি
আনছইন, তান দশা কিতা অইছে, আমরা তো জানি না।
41 অউ সময় তারা গরুর বাছুরর লাখান এক মুর্তি বানাইলা, আর
অউ মুর্তির নামে বলি দিলা, নিজর আতর বানাইল মুর্তিরে লইয়া তারা
ফুর্তি-আমোদ করলা।

42 অইলে আল্লায় নারাজ অইয়া তারার লগ ছাড়ি দিলা, আর তারারে
আছমানর চান-সুরুজ, তেরার পুজাত বুড়াই থইলা; যেলা নবী অকলর
কিতাবো লেখছইন:

ও ইছরাইল জাতি, মরুভুমিত হি চাল্লিশ বরছ,
তুমরা আমার নামে কুনু পশু কুরবানি দিছলায় নি?
43 না, তুমরা তো মুলক দেবতার মুর্তি,
আর রিফন দেবতার তেরা বানাই কান্দো লইয়া ঘুরছো।
হউ দুইও পুতুল তো পুজা করার নিয়তে বানাইছলায়,
এরলাগি আমি তুমরারে বাবিল দেশর হপারো বনবাস দিমু।

44 তে শাহাদত তাম্বুর কাবা শরিফ মরুভুমিত আমরার বাফ-দাদাইন্তর
গেছে আছিল। তাইন মুছারে হুকুম দিছলা, তুমি যেলাখান নকশা
দেখলায়, অউ লাখান করি ইটা তিয়ার করো।
45 আমরার বাফ-দাদা অকলে হি কাবা শরিফ পাইয়া, তারার আমির
ইউছার আতানে নিজর লগে করি আমরার ই দেশো আনছিলা, তারা
যেবলা হি দেশো হামাইছিল ই সময় আল্লায় তারার ছামন থাকি হিনর
মানষরে খেদাই দিছলা। হি তাম্বু হজরত দাউদর আমল পর্যন্ত অউ
দেশো আছিল।
46 "দাউদে আল্লার রহমত হাছিল করছিলা, আর ইয়াকুবর আল্লার
নামে একখান ঘর বানাইবার আরজি করছলা।
47 অইলে হজরত সুলাইমানে তান লাগি হি ঘর বানাইছলা।
48 তা-ও আল্লাতালা তো মানষর আতর বানাইল ঘরো বসত করইন
না; যেলা নবীয়ে কইছইন,
49 মাবুদে কইন,

বেহেস্ত আমার তখত,
দুনিয়া আমার পাও থইবার জাগা,
তুমরা আমার লাগি কিজাত ঘর বানাইবায়?
আমার জিরানির জাগা কুয়াই?
50 ই হক্কলতা কিতা আমার নিজর আতে

বানাইছি না নি?

51 “ও গাড়তেড়ার জাত! কান আর দিলর মছলমানি না করাইল
জাত! তুমরা হামেশা পাক রুহর দুয়ার বন্দ করি থও। তুমরার বাফ-
দাদাইন যেলা আছলা, তুমরাও অউলা অইছো।
52 তুমরার বাফ-দাদাইন্তে কুন নবীর উপরে জুলুম করছইন না?
তারা তো হউ নবী অকলরে জানেও মারছে, যেরা আগে ই দীনদার
জন আইবার কথা এলান করছইন। অউ দীনদার জনরে অখন তুমরাও
দুশমনর আতো সপিয়া জানে মারাইছো।
53 ফিরিস্তা অকলর মাজদি নাজিল অওয়া শরিয়ত তুমরারে দেওয়া
অইছিল, অইলে ইতা আমল করছো না।”

পয়লা শহিদ হজরত স্তিফান

54 ইতা হুনিয়াউ তারা গুছায় আগুইন অইগেলা, আর দাত কিড়ি-
মিড়ি করা ধরলা।
55 অইলে স্তিফানে পাক রুহে কামিল অইয়া বেহেস্তর বায় ধিয়ান
ধরি চাইয়া আল্লার শান-তজল্লি দেখলা, আর ইছারে আল্লার ডাইন
বাজুত উবা দেখলা।
56 তেউ তাইন কইলা “দেখউক্কা, আমি দেখরাম বেহেস্ত খুলা
আছে, আর ইছা বিন-আদম আল্লার ডাইনে উবাই রইছইন।”
57 আর তারা কানো আংগুল দিয়া একলগে চিল্লাইয়া স্তিফানর
উপরে উড়িয়া গিয়া পড়লা।
58 তানরে টানিয়া শহরর বারে নিয়া পাথর মারাত লাগলা; আর বাদি
অকলে যারযির কাপড় খুলিয়া শৌল নামর এক জুয়ানর পাওর কান্দাত
থইলা।
59 মানষে যেবলা স্তিফানরে পাথর মাররা, অউ সময় তাইন দোয়া
করিয়া কইলা, “ও মালিক ইছা, আমার রুহরে কবুল করউক্কা।”
60 কইয়াউ তাইন আটু গালা দিয়া জুরে চিল্লাইয়া কইলা, “মালিক,
এরার ই গুনারে আমলো ধরিও না।” অখান কইয়াউ তাইন আখেরি
দম ছাড়ি দিলা।

আর শৌলে হনো স্তিফানর খুনর হুকুমর লগে সায় দিলা।

8

জমাতর উপরে জুলুম

1 হিদিন থাকি জেরুজালেমর জমাতর উপরে খুব জুলুম-মছিবত
খাড়া অইলো, এরলাগি খালি সাহাবি অকল বাদে আর হকলেউ
এহুদিয়া আর শমরিয়া এলাকার জাগায় জাগায় ছিতরি গেলা।
2 কয়জনে মিলিয়া আল্লারাইয়া মানুষ স্তিফানরে দাফন করলা আর
তান লাগি বউত আহাজারি করলা।
3 অইলে শৌলে জমাতরে বিনাশ করার নিয়তে, ঘরো ঘরো হামাইয়া
ইমানদার বেটাইন-বেটিনরে বন্দি করি টানিয়া ছেচরাইয়া জেল খানাত
হারানিত লাগলা।

শমরিয়াত হজরত ফিলিফর তবলিগ

4 তেউ যেরা চাইরোবায় ছিতরি গেছিল, তারা হক্কল জাগাত ঘুরি
ঘুরি ইঞ্জিলর খুশ-খবরি তবলিগ করলা।
5 আর ফিলিফ শমরিয়ার এক শহরো গিয়া আল-মসীর বেয়াপারে
তবলিগ করলা।
6 মানষে ফিলিফর বয়ান হুনিয়া আর তান কেরামতি কাম অকল
দেখিয়া, ধিয়ান ধরি এক দিলে তান নছিয়ত হুনলা।
7 কারন বউতর গেছ থাকি ভুত অকল জুরে জুরে চিল্লাইয়া ছাড়িয়া
গেল, আর বউত অর্ধং বেমারি আর লেংড়া অকল ভালা অইলা।
8 ইতা দেখিয়া হি শহরর মানুষ খুব খুশি অইলা।

9 অইলে হিখানো সাইমন নামর একজন মানষে বউত দিন ধরি
যাদু-টুনার কাম করতো, শমরিয়ার মানষরে ধান্দা লাগাইয়া হে নিজরে
একজন কামিল পীর কইয়া দাবি করতো।
10 আর হুরু-বড় হকলে তার কথার দাম দিতো, মানষে কইতো,
আল্লার যে কুদরতরে খাছ কুদরত কইন, ই বেটা অইলো হউ খাছ
কুদরতি বেটা।
11 মানষেও তার কথামতো চলতো কারন বউত দিন ধরি হে তার
যাদু-টুনা দেখাইয়া তারারে তাইজ্জুব বানাইছিল।

12 অইলে ফিলিফে যেবলা আল্লার বাদশাই আর ইছা আল-মসীর
বেয়াপারে খুশ-খবরি তবলিগ করলা, আর মানষে তান তবলিগে ইমান
আনলা, ই সময় বেটাইন-বেটিন্তে আইয়া তৌবার গোছল করলা।
13 হউ সাইমনও ইমান আনিয়া তৌবার গোছল করিয়া ফিলিফর
খরে খরে রইলা, বউত কেরামতি আর বড় বড় কুদরতি কাম হাছিল
অর দেখিয়া তাইজ্জুব অইগেলা।

14 জেরুজালেমর সাহাবি অকলে যেবলা হুনলা, শমরিয়ার মানুষ
অকলে আল্লার কালামর উপরে ইমান আনছইন, তেউ তারা পিতর আর
হান্নানরে এরার গেছে পাঠাইলা।
15 পিতর আর হান্নান আইয়া তারার লাগি দোয়া করলা, যাতে তারা
পাক রুহ পাইন।
16 কারন অখনও তারার উপরে পাক রুহ নাজিল অইছে না, তারা
খালি হজরত ইছার নামে তৌবার গোছল করছইন।
17 পিতর আর হান্নানে তারার উপরে আত রাখলা, তেউ তারা পাক
রুহ পাইলা।
18 আর সাইমনে যেবলা দেখলা, সাহাবি অকলর আত রাখার
কারনে পাক রুহ মিলের, অউ তাইন টেকা আনিয়া এরার গেছে দিয়া
কইলা,
19 "আমারেও অউ খেমতা দেউক্কা, যাতে আমি কেউরর উপরে
আত রাখলে হে-ও অউ পাক রুহ পায়।"
20 পিতরে তারে কইলা, "তুমার রুপা তুমার লগেউ বিনাশ অউক,
তুমি মনো করছো আল্লার দান টেকাদি খরিদ করা যায়।
21 আমরার ই কামো তুমার কুনু ভাগ নাই, কারন আল্লার নজরো
তুমার দিল সরল নায়।
22 এরলাগি ই নাজাইজ কাম থাকি তুমার দিল ফিরাও। আর আল্লার
গেছে মিনত-কাজ্জি করো, কিবা তুমার দিলর ই নাজাইজ খিয়াল তাইন
মাফ করিলিতা পারইন।
23 আমি দেখরাম, তুমার দিল লিপসায় ভরা আর তুমি গুনার মাজে
বন্দি অইরইছো।"
24 তেউ সাইমনে কইলা, "আপনারা আল্লার গেছে আমার লাগি
দোয়া করউক্কা, যাতে আপনারা যেতা যেতা কইছইন ইতা যানু আমার

উপরে না আয়।”
25 বাদে পিতর আর হান্নানে মালিকর কালাম তবলিগ করিয়া
জেরুজালেমো ফিরত যাওয়ার পথো, শমরিয়ার বউত গাউত খুশ-
খবরি তবলিগ করি করি গেলা।

হজরত ফিলিফ আর রাজ খাজাঞ্চি

26 একদিন আল্লার এক ফিরিস্তায় হজরত ফিলিফরে কইলা, “উঠো,
দউকনর যে পথ জেরুজালেম থাকি গাজা টাউনর বায় গেছে হউ পথে
রওয়ানা দেও।” ই পথ আছিল মরুভুমিত।
27 তেউ ফিলিফ উঠিয়া হবায় রওয়ানা দিলা, যাইতে যাইতে পথো
ইথিওপিয়া দেশর কান্দাকি রানীর একজন বড় রাজ খাজাঞ্চির লগে
তান মুলাকাত অইলো, হি খাজাঞ্চি আছলা না-মর্দ, আর রানীর
হক্কল ধন-রত্নর জিম্মাদার। আল্লার এবাদত-বন্দেগি করার লাগি এইন
জেরুজালেমো আইছলা।
28 বাদে বাড়িত যাওয়ার বালা পথো তান নিজর ঘোড়ার গাড়িত
বইয়া ইশায়া নবীর কিতাব তিলাওত করাত আছলা।
29 অউ সময় পাক রুহে ফিলিফরে কইলা, “অউ গাড়ির কান্দাত
যাও, আর এন লগে লগ ধরো।”
30 তেউ ফিলিফে দৌড়িয়া অউ গাড়ির কান্দাত গিয়া হুনলা, এইন
ইশায়া নবীর কিতাব তিলাওত কররা; ফিলিফে তানরে জিকাইলা,
“আপনে যেতা তিলাওত কররা ইতার মানি বুজরা নি?”
31 হেইন কইলা, “কেউ বুজাইয়া না দিলে আমি কেমনে বুজমু?”
অউ তাইন ফিলিফরে গাড়িত উঠিয়া তান কান্দাত বওয়ার লাগি মিনত
করলা।
32 হেইন কিতাবর যে আয়াত তিলাওত করাত আছলা, ইতা অইলো,

জবো করার লাগি মেড়ারে যেলা নেইন,
মারার নিয়তে তানরে অউলা নেওয়া অইলো,
রুমা কাটরার ছামনে মেড়া-বাইচ্চা যেলা নিরাই রয়,
অউলা তাইনও জবান খুললা না।
33 তাইন বেইজ্জত অইলা,
তানরে বে-ইনছাফ করা অইলো।
তান ওয়ারিশর কথা খেগিয়ে কইতো পারবো?

তান জানরে দুনিয়া থাকি কাড়িয়া নেওয়া অইছিল।

34 হউ খাজাঞ্চিয়ে ফিলিফরে কইলা, "কউক্কা ছাইন, নবীয়ে কার
বেয়াপারে ইতা কইছইন? নিজর বেয়াপারে না আর কেউরর?"
35 ফিলিফে জবান খুলিয়া পাক কালামর অউ আয়াত থাকি লইয়া
ইছার খুশ-খবরি পর্যন্ত তান গেছে তবলিগ করলা।
36-37 পথো যাইতে যাইতে তারা পানিআলা এক জাগাত আইয়া
পৌছলা, তেউ হি খাজাঞ্চিয়ে কইলা, "অউ দেখউক্কা অনো পানি
আছে, তে আমি তৌবার গোছল করতে কুনু বাধা আছে নি?"
38 কইয়া তাইন ঘোড়ার গাড়ি উবা করার হুকুম দিলা, ফিলিফ আর
হউ না-মর্দ খাজাঞ্চি দুইও জন পানিত লামলা, আর ফিলিফে তানরে
তৌবার গোছল করাইলা।
39 তারা যেবলা পানি থাকি উঠিয়া আইলা, অউ সময় মাবুদর
রুহে আখতাউ ফিলিফরে আওড়ে নিলাগি। হি না-মর্দে আর ফিলিফরে
দেখলা না, তেউ তাইন ফুর্তি করি করি তান নিজর পথে গেলাগি।
40 অইলে ফিলিফরে আসদুদ টাউনো দেখা মিললো; তাইন গাউয়ে
গাউয়ে খুশ-খবরি তবলিগ করি করি হেশে কৈছরিয়া টাউনো গেলা।

9

জালিম শৌলর দিল বদলানি

1-2 ই সময়ও শৌলে আল-মসীর উম্মত অকলরে জানে মারতা করি
ডর দেখানিত রইছইন। আর দামেস্ক শহরর ইহুদির মছিদাইন্তো দেওয়ার
লাগি তাইন পরধান ইমামর গেছ থাকি চিঠি চাইলা, যত বেটাইন-বেটিন
ইছার পথে চলইন, তারারে বান্দিয়া জেরুজালেমো আনতা অউ খেমতা
পাওয়ার লাগি চিঠি চাইলা।
3 পথো যাইতে যাইতে যেবলা দামেস্ক টাউনর কান্দাত আইলা, তেউ
আখতাউ আছমান থাকি তান চাইরো গালাবায় ফর অইয়া চমকাইয়া
উঠলো।
4 অউ তাইন মাটিত পড়ি গেলা আর গাইবি আওয়াজ হুনলা, কে
যানু তানরে কর, "শৌল, শৌল, কেনে আমারে জুলুম কররায়?"

5 শৌলে জিকাইলা, “মালিক, আপনে কে?” তাইন কইলা, “আমি
ইছা, যেনরে তুমি জুলুম কররায়।
6 তুমি অখন উঠিয়া শহরো যাও, তুমি কিতা করতায় তুমারে
জানাইল অইবো।”
7 অইলে যেরা শৌলর লগে যাওয়াত আছলা তারা চমকি গেলা,
তারা ই আওয়াজ ঠিকউ হুনছিলা, অইলে কেউররে দেখলা না।
8 বাদে শৌল মাটি থাকি উঠলা, আর চউখ মেলিয়া হারলে কুন্তাউ
দেখলা না; তান লগর মানষে তানরে আতো ধরিয়া দামেস্কো লইয়া
গেলা।
9 শৌলে তিন দিন ধরি চউখে কুন্তাউ দেখলা না আর কুনুজাত খানা-
পিনাও খাইলা না।
10 দামেস্ক শহরো অননিয় নামে একজন মুমিন আছলা,
11 মাবুদে তানরে দরশন দিয়া কইলা, “অননিয়!” তাইন জুয়াপ
দিলা, “মালিক, অউনু আমি।” মাবুদে তানরে কইলা, “সুজা নামর যে
সড়ক আছে, তুমি হউ সড়কে যাও, গিয়া হনর এহুদার বাড়িত তার্ষ
শহরর শৌল নামর একজন মানষর তালাশ করো।
12 হনো হে দোয়া করের, আর হে দরশন পাইছে, অননিয় নামর
একজন মানুষ আইয়া তার শরিল আতাইয়া দিবো, তেউ হে হিরবার
চউখে দেখবো।”
13 অননিয়য় কইলা, “মালিক, আমি বউত মানষর গেছে ই মানুষগুর
খাইছলত হুনছি, হে জেরুজালেমো তুমার পাক বন্দা অকলর উপরে
বউত জুলুম করছে।
14 আর অউ জাগাতও যত মানষে তুমার পথে চলে, এরারে বান্দিয়া
নেওয়ার খেমতা হে বড় ইমাম অকলর গেছ থাকি পাইছে।”
15 অইলে মালিকে তানরে কইলা, “তুমি যাও, কারন অ-ইহুদি
অকল, তারার রাজা অকল, আর বনি ইছরাইলর গেছে আমার নাম
তবলিগর লাগি আমি তারে পছন্দ করছি।
16 আমি তারে দেখাইমু, আমার নামর লাগি তারে কত জালা-যন্ত্রনা
সইয্য করা লাগবো।”
17 তেউ অননিয় বার অইয়া হউ বাড়িত গিয়া হামাইলা, আর শৌলর
গতরো আত দিয়া কইলা, “ভাই শৌল, অনো আওয়ার পথো যেইন

তুমারে দরশন দিছইন তাইন হজরত ইছা, তাইন আমারে পাঠাইছইন,
যাতে তুমি হিরবার চউখে দেখতায় পাও আর পাক রুহে কামিল অও।”
18 আর লগে লগেউ তান চউখ থাকি মাছর-ফইরর লাখান কিতা
পড়ি গেল, তাইন দেখতা পারলা আর উঠিয়া পানিত গিয়া তৌবার
গোছল করলা;
19 খাওয়া-দাওয়ার বাদে শরিলো হিরবার বল পাইলা।
আর তাইন কিছুদিন দামেস্কর উম্মত অকলর লগে রইলা।
20 শৌলে আর দেরি করলা না, তাইন জাগায় জাগায় মছিদাইন্তো
গিয়া তবলিগ করাত লাগলা, হজরত ইছাউ আল্লার হউ খাছ মায়ার
জন, ইবনুল্লা।
21 যেরা তান বয়ান হুনতো তারা হকলেউ তাইজ্জুব অইয়া মাতা-মাতি
করতো, “এইন হউ মানুষ নায় নি যেইন জেরুজালেমো ইছার উম্মত
অকলরে জুলুম করতা? আর অনোও তো অতার লাগিউ আইছইন,
যেরা ইছার পথে চলে তারারে বান্দিয়া বড় ইমাম অকলর গেছে লইয়া
যাইতা?”
22 অইলে শৌল দিন দিন আরো হিম্মত আলা অইলা, আর দামেস্কর
ইহুদি অকলরে লা-জুয়াপ বানাইতা লাগলা, তাইন পরমান দেখাইলা,
অউ ইছাউ হি আল-মসী।
23 এর বউত বাদে ইহুদি অকলে তানরে মারার লাগি সলা-পরামিশ
করলা,
24 আর শৌলে ই খবর পাইলা। তারা তানরে মারার লাগি শহরো
হামানি বারনির হক্কল দুয়ারো দিনে-রাইতে চকিদার বওয়াইলা।
25 একদিন রাইত উম্মত অকলে শৌলরে এক টুকরির ভিতরে
হারাইয়া, বাউন্ডরি ওয়ালর খিড়কিবায় পার করি বারে লামাইয়া দিলা।

হজরত শৌল জেরুজালেমো আইলা

26 বাদে তাইন জেরুজালেমো আইয়া উম্মত অকলর লগে শরিক
অইতা চাইলা; অইলে হক্কলে তানরে ডরাইলো, তাইন যেন হাছাউ ইমান
আনছইন তারা বিশ্বাস করলা না।
27 তেউ বার্নাবাছে তানরে আতো ধরিয়া সাহাবি অকলর গেছে
লইয়া গেলা, আর দামেস্ক যাওয়ার পথো কিলা তাইন আল-মসীর
দিদার পাইলা, আর কিলা মালিকে তান লগে বাতচিত করলা, দামেস্কো

কিলা তাইন সাওস করি ইছার নামে তবলিগ করছইন হকলতা এরারে
জানাইলা।
28 বাদে শৌল জেরুজালেমো এরার লগে লগে রইতা, তাইন
জেরুজালেমর হকল জাগাত ঘুরিয়া ফিরিয়া সাওস করি ইছার নামে
তবলিগ করতা।
29 তাইন ইউনানি ভাষায় মাতরা ইহুদি অকলর লগে দীনি বাতচিত
আর তর্ক করতা; ইহুদি অকলে তানরে জানে মারিলতা চাইলা।
30 মুমিন অকলে ই খবর হুনিয়া তানরে কৈছরিয়া শহরো লইয়া
গেলা, হন থাকি তানরে তার্ষ শহরো পাঠাই দিলা।
31 হি সময় এহুদিয়া, গালিল আর শমরিয়া এলাকার জমাত অকল
শান্তির মাজে তৈয়ার অইলো, ই জমাত অকল মাবুদর ডরে আর পাক
রুহর ইশারায় চলি চলি বউত পরিমানে বাড়লো।

হজরত পিতরর ছফর আর কেরামতি

32 পিতরে হক্কল জাগাত ঘুরতে ঘুরতে লুদ্দা গাউর মুমিন অকলর
গেছে আইয়া আজিলা।
33 হউ গাউত ঐনিয় নামে একজন মানুষ আছিল; হে অর্ধং বেমারে
আট বরছ ধরি বিছনাত পড়নো আছিল।
34 পিতরে তারে দেখিয়া কইলা, "ঐনিয়, ইছা আল-মসী তুমারে
ভালা করলা, উঠো, তুমার বিছনা তুলিলাও।" আর লগে লগেউ ঐনিয়
উঠিয়া উবাই গেলো।
35 তেউ লুদ্দা গাউ আর শারোন এলাকার হকল মানষে ঐনিয়র
হালত দেখিয়া আল্লার বায় ফিরলা।
36 জাফা শহরো টাবিথা নামে একজন মুমিন বেটি আছলা, ইউনানি
ভাষায় টাবিথা নামর অর্থ দর্কা, মানি হরিনী, তাইন হকল সময় ভালা
কাম করতা আর গরিবরে সাইয্য করতা।
37 তাইন বেমার পড়িয়া মারা গেলা, আর মানষে তানরে গোছল
দেওয়াইয়া উপরর কুঠাত নিয়া থইলা।
38 জাফা শহর লুদ্দার কাছাত আছিল গতিকে, উম্মত অকলে যেবলা
হুনলা, পিতর লুদ্দাত আছইন, অউ তারা দুইজন মানষরে তান গেছে
পাঠাইয়া মিনত করলা, "আপনে জলদি করি আমরার গেছে আউক্কা।"

39 তেউ পিতর তারার লগে রওয়ানা দিলা, তাইন হনো যাওয়ার বাদে
তারা তানরে উপরর কুঠাত লইয়া গেল, হকল ড়াড়ি বেটিন্তে পিতরর
চাইরোবায় উবাইয়া কান্দন শুরু করলা আর দর্কা জিতা থাকতে যেতা
কাপড়-চুপড় বানাইছলা, অতা পিতররে দেখাইলা।
40 পিতরে তারা হক্কলরে কুঠা থাকি বার করি দিয়া জানু পাড়িয়া
দোয়া করলা; বাদে মরা বেটির লাশর বায় ফিরিয়া কইলা, "টাবিথা,
উঠো।" লগে লগে দর্কায় চউখ খুললা, আর পিতররে দেখিয়া উঠিয়া
বইলা।
41 পিতরে তান আতো ধরিয়া উবা করলা, বাদে হি ড়াড়ি বেটিন আর
মুমিন অকলরে ডাকিয়া দেখাইলা, দর্কা জিতা অইছইন।
42 ই খবর জাফা শহরর হকল জাগাত উড়িগেল আর বউত মানষে
আল-মসীর উপরে ইমান আনলা।
43 পিতর বউত দিন জাফা শহরো সাইমন নামর এক চামারর বাড়িত
রইলা।

10

ছুবেদার কর্নিলুছ আর হজরত পিতরর দরশন

1 কৈছরিয়া শহরো কর্নিলুছ নামে একজন মানুষ, ইতালি নামর
সিপাই দলর ছুবেদার আছলা।
2 তাইন একজন পরেজগার মানুষ, তান পরিবারর হকলেও আল্লারে
ডরাইতা। তাইন গরিব অকলরে বউত টেকা-পয়সা দান-খয়রাত আর
হামেশা আল্লার গেছে দোয়া করতা।
3 একদিন অনুমান তিনটার সময় তাইন এক ছাফ দরশন পাইলা।
দেখলা, আল্লার এক ফিরিস্তায় তান গেছে আইয়া ডাকিরা, "কর্নিলুছ!"
4 কর্নিলুছে ডরাইয়া হি ফিরিস্তার বায় চাইয়া কইলা, "মালিক,
কউক্কা, হুনরাম।" ফিরিস্তায় তানরে কইলা, "তুমার মুনাজাত আর
গরিব অকলরে দানর কথা বেহেস্তো পৌছিছে আর আল্লায় ইতা কবুল
করছইন।
5 অখন তুমি জাফা শহরো মানুষ পাঠাও, আর সাইমন উরফে
পিতররে তালাশ করাই আনাও।

6 এইন দরিয়ার পারো আরক সাইমনর বাড়িত থাকইন, হি সাইমনে
চামড়ার কারবার করে।”
7 যে ফিরিস্তায় কর্নিলুছর লগে বাতচিত করছিলা, তাইন যাওয়ার
বাদে কর্নিলুছে তান বাড়ির দুইজন কামলা আর তান সাইয্যকারি
একজন পরেজগার সিপাইরে ডাক দিলা।
8 তাইন এরারে হকলতা বুজাই দিয়া জাফা শহরো পাঠাইলা।

9 বাদর দিন যেবলা হউ মানুষ অকল যাইতে যাইতে জাফা শহরর
কাছাত আইলা, ই সময় বেইল অনুমান দুইফর, পিতরে দোয়া করার
লাগি হউ সময় ছাতো উঠছইন।
10 তান খুব ভুক লাগছিল, তেউ কুন্তা খাইতা চাইলা আর মানষে
খানি তিয়ার কররা, অউ সময় ঘুমে তান উংগানি আইলো।
11 অউ হালতো তাইন দেখলা, আছমান খুলিগেছে আর খুব বড়
চাদ্দরর লাখান এক চিজর চাইর কুনাত ধরিয়া দুনিয়াত লামাই দেওয়া
অর;
12 আর ই চাদ্দরর মাজে দুনিয়ার হক্কল জাতর পশু, বুকে চলরা
জানদার আর পাখিন আছে।
13 বাদে তাইন অউ আওয়াজ হুনলা, কে যানু তানরে কর, “পিতর,
উঠো, মারিয়া খাও।”
14 পিতরে কইলা, “না, না, মালিক, কুনুমন্তেউ না, আমি কুনু
সময়উ নাপাক আর হারাম কুন্তা খাই না।”
15 তাইন হিরবার অউ আওয়াজ হুনলা, “আল্লায় যেতা হালাল
করছইন, ইতারে তুমি হারাম কইও না।”
16 অউলা তিনবার অওয়ার বাদে হউ চাদ্দরখান আছমানো তুলিয়া
নিলাগি।

17 পিতরে যে বাতুনি দরশন দেখলা, এর মানি কিতা অইতো পারে
তাইন ধিয়ান কররা, অউ সময় কর্নিলুছর পাঠাইল হি মানুষ অকল
সাইমনর বাড়ি তুকাইয়া পাইয়া, বাড়ির দুয়ারর ছামনে আইয়া উবাইলা।
18 তারা ডাকিয়া জিকাইলা, “সাইমন যেনরে পিতর কইয়া ডাকইন,
তাইন ইখানো আছইন নি?”

19 পিতরে হউ দরশনর কথা চিন্তা কররা, অউ সময় পাক রুহে
তানরে কইলা, "দেখো, তিনজন মানষে তুমারে তুকানিত আইছইন।
20 তুমি লামাত লামো আর তারার লগে রওয়ানা দেও, কুনু সন্দয়
করিও না, তারারে আমিউ পাঠাইছি।"
21 তেউ পিতর লামিয়া গিয়া তারারে কইলা, "আপনারা যারে
তুকাইরা আমিউ হেইন; কউক্কাছাইন, কিতাল্লাগি আইছইন?"
22 তারা কইলা, "শ-সিপাইর ছুবেদার কর্নিলুছে আল্লার ফিরিস্তার
হুকুম পাইয়া আমরারে পাঠাইছইন, তাইন একজন পরেজগার মানুষ,
আল্লার হুকুম মাফিক চলইন, ইহুদি অকলে তানরে খুব তাজিম করইন।
ফিরিস্তায় তানরে কইছইন, যাতে আপনারে তান বাড়িত নেওয়াইয়া
আপনার নছিয়ত হুনইন।"
23 অউ পিতরে তারারে ভিতরে ডাকিয়া নিয়া, তারার মেহমানদারি
করলা।
বাদর দিন উঠিয়া পিতর তারার লগে রওয়ানা দিলা, আর জাফা
শহরর কয়জন ইমানদারও তান লগে গেলা।
24 এর বাদর দিন তারা কৈছরিয়াত পৌছলা; অউ সময় কর্নিলুছে
তান খেশ-কুটুম আর বন্ধু-বান্ধব অকলরে দলা করিয়া তারার বার
চাইরা।
25 আর পিতর গিয়া যেবলা ঘরো হামাইলা, ই সময় কর্নিলুছে তান
কাছাত গিয়া পাওত পড়িয়া সইজদা করলা।
26 অইলে পিতরে তানরে তুলিয়া কইলা, "উঠউক্কা, আমি নিজেও
তো একজন মানুষ।"
27 বাদে কর্নিলুছর লগে মাতি মাতি ভিতরে হামাইয়া পিতরে দেখলা,
বউত মানুষ দলা অইরইছে।
28 অউ তাইন কইলা, "আপনারা তো জানইন, একজন ইহুদি মানষে
